আর্ন্তজাতিক দুর্যোগ প্রশমন দিবসে কানাইঘাটে র্যালি ও আলোচনা সভা

চেম্বার ডেস্ক: ‘আগামী প্রজন্মকে সক্ষম করি, দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে সারা দেশের ন্যায় কানাইঘাটে আন্তর্জাতিক প্রশমন দিবস ২০২৪ উপলক্ষ্যে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার (১৩ অক্টোবর) সকাল ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পুরো শহরে সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধি, গণমাধ্যমকর্মী ও সর্বস্তরের লোকজনদের অংশগ্রহণে র্যালী পরবর্তী উপজেলা সভা কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা ফারজানা নাসরিনে সভাপতিত্বে দুর্যোগ প্রশমন দিবসের আলোচনা সভায় এ দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন, উপজেলা সহকারি কমিশনার (ভ‚মি) ওয়াজিদ ওয়াসিফ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, জনস্বাস্থ্য প্রকৌশলী পনিরুজ্জামান, সাতবাঁক ইউপি চেয়ারম্যান আবু তায়্যিব শামীম, কানাইঘাট প্রেসক্লাবের সভাপতি নিজাম উদ্দিন প্রমুখ।

এ সময় নির্বাহী কর্মকর্তা ফারজানা নাসরিন বলেন, প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ সারা পৃথিবীর জন্য হুমকি স্বরূপ। হাওর-বাওর ও নদী বেষ্ঠিত বাংলাদেশে আমরা সব-সময় দুর্যোগকে মোকাবেলা করে বসবাস করে থাকি। তবে সরকারের সক্ষমতা থাকার কারনে দুর্যোগে মানুষের মৃত্যুর হার কমে আসলেও সম্পদের ক্ষয়ক্ষতি আমরা এখনও পুষিয়ে উঠতে পারিনি। সীমান্তবর্তী কানাইঘাট উপজেলাকে প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ থেকে রক্ষা সহ জানমালের যাতে করে কোন ক্ষতি না হয় এজন্য আগামী প্রজন্মকে সচেতন ও দক্ষ হিসেবে গ